



৭৩ পর্যবেক্ষক সংস্থাকে নিবন্ধন দিচ্ছে ইসি, আপত্তি জানানোর আহ্বান



সংগৃহীত ছবি

নির্বাচন কমিশন (ইসি) ৭৩টি দেশীয় পর্যবেক্ষক সংস্থাকে নিবন্ধন দেয়ার সিদ্ধান্ত নিয়েছে। সংস্থাগুলোর বিরুদ্ধে কোনো দাবি বা আপত্তি থাকলে তা ২০ অক্টোবরের মধ্যে লিখিতভাবে জমা দিতে বলা হয়েছে।

নির্বাচন কমিশন (ইসি) দেশের ৭৩টি পর্যবেক্ষক সংস্থাকে নিবন্ধন দেয়ার সিদ্ধান্ত নিয়েছে। এ বিষয়ে শনিবার (২৭ সেপ্টেম্বর) গণবিজ্ঞপ্তি জারি করে কমিশন। বিজ্ঞপ্তিতে জানানো হয়, পর্যবেক্ষক হিসেবে নিবন্ধন পেতে আবেদন করা প্রতিষ্ঠানগুলোর মধ্যে যাচাই-বাছাই শেষে নীতিমালা অনুযায়ী ৭৩টি সংস্থাকে নিবন্ধনযোগ্য বিবেচনা করা হয়েছে।

যদি কোনো প্রতিষ্ঠান নিয়ে কারও দাবি, আপত্তি বা অভিযোগ থাকে, তবে তা প্রমাণাদিসহ লিখিতভাবে ইসির সিনিয়র সচিব বরাবর ২০ অক্টোবরের মধ্যে জমা দিতে হবে। আপত্তিকারীর নাম, ঠিকানা ও ফোন নম্বরসহ মোট ৬ সেট আপত্তি জমা দিতে হবে।

ইসি জানায়, আপত্তির গুনানি শেষে তা গ্রহণ বা বাতিল করার বিষয়ে সিদ্ধান্ত প্রদান করা হবে এবং কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

এবার পর্যবেক্ষক হিসেবে নিবন্ধনের জন্য মোট ৩১৮টি প্রতিষ্ঠান আবেদন করেছিল। এর মধ্যে প্রাথমিক যাচাই শেষে ৭৩টি সংস্থা নিবন্ধনের জন্য নির্বাচিত হয়েছে।

গণবিজ্ঞপ্তি নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েবসাইটে (www.ecs.gov.bd) পাওয়া যাবে।